আত্ম পর্যবেক্ষণ (اَلْمُرَاقَبَة)

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ " (اَلْمُرَاقَبَة) আত্ম পর্যবেক্ষণ"

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সুরা ২৬ শুআ'রা ,আয়াতঃ ২১৮ এবং ২১৯

الَّذِي يَرَاكَ حِينَ تَقُومُ (218)

অর্থঃ যিনি তোমাকে দেখেন যখন তুমি দণ্ডায়মান হও।

وَتَقَلُّبَكَ فِي السَّاجِدِينَ (219)

অর্থঃ এবং দেখেন সেজদাকারীদের সাথে তোমার উঠাবসা।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সুরা ৫৭ হাদীদ, আয়াতঃ ৪

وَهُوَ مَعَكُمْ أَيْنَ مَا كُنتُمْ

অর্থঃ তোমরা যেখানেই থাক না কেন তিনি (জানার দিক থেকে)তোমাদের সঙ্গে আছেন।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সুরা ৩ আল ইমরান, আয়াতঃ ৫

إِنَّ اللَّهَ لَا يَخْفَىٰ عَلَيْهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ (5)

নিশ্চয়ই আল্লাহর কাছে ভূমন্ডল এবং নভোমন্ডলের কোন কিছুই গোপন থাকে না।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সুরা ৮৯ ফজর, আয়াতঃ ১৪

إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ (14)

অর্থঃ নিশ্চয়ই আপনার পালনকর্তা সতর্ক দৃষ্টি রাখেন।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সুরা মু'মিন, আয়াতঃ ১৯

يَعْلَمُ خَائِنَةَ الْأَعْيُنِ وَمَا تُخْفِي الصُّدُورُ (19)

চক্ষুর অপব্যবহার ও অন্তরে যা গোপন আছে সে সম্বন্ধে তিনি অবহিত।

একটি হাদীসঃ

বুখারী-৩৪৬৪, মুসলিম-২৯৬৪, রিয়াদুস সালেহীন-৬৫

পরিচ্ছেদঃ ৫: মুরাক্বাবাহ্ (আল্লাহর ধ্যান)

তাওহীদ পাবলিকেশন নাম্বারঃ ৬৬, আন্তর্জাতিক নাম্বারঃ ৬৫

৬/৬৬। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন যে, ’’বানী ইস্রাঈলের মধ্যে তিন ব্যক্তি ছিল। একজন ধবল-কুষ্ঠ রোগাক্রান্ত, দ্বিতীয়জন টেকো এবং তৃতীয়জন অন্ধ ছিল। আল্লাহ তা’আলা তাদেরকে পরীক্ষা করার ইচ্ছা করলেন। ফলে তিনি তাদের কাছে একজন ফিরিশ্তা পাঠালেন। ফিরিশতা (প্রথমে) ধবল-কুষ্ঠ রোগীর কাছে এসে বললেন, ’তোমার নিকট প্রিয়মত বস্তু কি?’ সে বলল, ’সুন্দর রং ও সুন্দর ত্বক। আর আমার নিকট থেকে এই রোগ দূরীভূত হোক---যার জন্য মানুষ আমাকে ঘৃণা করছে।’ অতঃপর তিনি তার দেহে হাত ফিরালেন, যার ফলে (আল্লাহর আদেশে) তার ঘৃণিত রোগ দূর হয়ে গেল এবং তাকে সুন্দর রং দেওয়া হল। অতঃপর তিনি বললেন, ’তোমার নিকট প্রিয়তম ধন কী?’ সে বলল, ’উট অথবা গাভী।’ (এটি বর্ণনাকারীর সন্দেহ।) সুতরাং তাকে দশ মাসের গাভিন একটি উটনী দেওয়া হল। তারপর তিনি বললেন, ’আল্লাহ তোমাকে এতে বরকত (প্রাচুর্য) দান করুন।’

অতঃপর তিনি টেকোর কাছে এসে বললেন, ’তোমার নিকট প্রিয়তম জিনিস কী?’ সে বলল, ’সুন্দর কেশ এবং এই রোগ দূরীভূত হওয়া---যার জন্য মানুষ আমাকে ঘৃণা করছে।’ অতঃপর তিনি তার মাথায় হাত ফিরালেন, যার ফলে তার (সেই রোগ) দূর হয়ে গেল এবং তাকে সুন্দর কেশ দান করা হল। (অতঃপর) তিনি বললেন, ’তোমার নিকট সবচেয়ে পছন্দনীয় ধন কোনটি?’ সে বলল, ’গাভী।’ সুতরাং তাকে একটি গাভিন গাই দেওয়া হল এবং তিনি বললেন, ’আল্লাহ এতে তোমার জন্য বরকত দান করুন।’

অতঃপর তিনি অন্ধের কাছে এলেন এবং বললেন, 'তোমার নিকটে প্রিয়তম বস্তু কী?' সে বলল, 'এই যে, আল্লাহ তা'আলা যেন আমার দৃষ্টি ফিরিয়ে দেন যার দ্বারা আমি লোকেদেরকে দেখতে পাই।' সুতরাং তিনি তার চোখে হাত ফিরালেন। ফলে আল্লাহ তাকে তার দৃষ্টি ফিরিয়ে দিলেন। ফিরিশ্তা বললেন, 'তুমি কোন্ ধন সবচেয়ে পছন্দ কর?' সে বলল, 'ছাগল।' সুতরাং তাকে একটি গাভিন ছাগল দেওয়া হল।

অতঃপর ঐ দু'জনের (কুষ্ঠরোগী ও টেকোর) পশু (উটনী ও গাভীর) পাল বৃদ্ধি পেতে লাগল এবং এই অন্ধেরও ছাগলটিও বাচ্চা প্রসব করল। ফলে এর এক উপত্যকা ভরতি উট, এর এক উপত্যকা ভরতি গরু এবং এর এক উপত্যকা ভরতি ছাগল হয়ে গেল।

পুনরায় ফিরিশ্তা (পরীক্ষার উদ্দেশ্যে তাঁর পূর্বের চেহারা ও আকৃতিতে) কুষ্ঠরোগীর কাছে এলেন এবং বললেন, 'আমি মিসকীন মানুষ, সফরে আমার সকল পাথেয় শেষ হয়ে গেছে। ফলে নিজ দেশে পৌঁছনোর জন্য আল্লাহ অতঃপর তোমার সাহায্য ছাড়া আজ আমার কোন উপায় নেই। সেজন্য আমি ঐ সত্তার নামে তোমার কাছে একটি উট চাচ্ছি, যিনি তোমাকে সুন্দর রং ও সুন্দর ত্বক দান করেছেন; যার দ্বারা আমি আমার এই সফরের গন্তব্যস্থলে পৌঁছে যাই।' সে উত্তর দিল যে, '(আমার দায়িত্বে আগে থেকেই) বহু অধিকার ও দাবি রয়েছে।'

(এ কথা শুনে) ফিরিশ্তা বললেন, 'তোমাকে আমার চেনা মনে হচ্ছে। তুমি কি কুষ্ঠরোগী ছিলে না, লোকেরা তোমাকে ঘৃণা করত? তুমি কি দরিদ্র ছিলে না, আল্লাহ তা'আলা তোমাকে ধন প্রদান করেছেন?' সে বলল, 'এ ধন তো আমি পিতা ও পিতামহ থেকে

উত্তরাধিকার সূত্রে পেয়েছি।’ ফিরিশ্তা বললেন, ’যদি তুমি মিথ্যাবাদী হও, তাহলে আল্লাহ তোমাকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিন!’

অতঃপর তিনি তার পূর্বেকার আকার ও আকৃতিতে টেকোর কাছে এলেন এবং তাকেও সে কথা বললেন, যে কথা কুষ্ঠরোগীকে বলেছিলেন। আর টেকোও সে ই জবাব দিল, যে জবাব কুষ্ঠরোগী দিয়েছিল। সে জন্য ফিরিশ্তা তাকেও বললেন যে, ’যদি তুমি মিথ্যাবাদী হও, তাহলে আল্লাহ তোমাকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিন!’

পুনরায় তিনি তাঁর পূর্বেকার আকার ও আকৃতিতে অন্ধের নিকট এসে বললেন যে, আমি একজন মিসকীন ও মুসাফির মানুষ, সফরের যাবতীয় পাথেয় শেষ হয়ে গেছে। ফলে নিজদেশে পৌঁছার জন্য আল্লাহ অতঃপর তোমার সাহায্য ছাড়া আজ আমার আর কোন উপায় নেই। সুতরাং আমি তোমার নিকট সেই সত্তার নামে একটি ছাগল চাচ্ছি, যিনি তোমার দৃষ্টি ফিরিয়ে দিয়েছেন; যার দ্বারা আমি আমার এই সফরের গন্তব্যস্থলে পৌঁছে যাই।’ সে বলল, ’নিঃসন্দেহে আমি অন্ধ ছিলাম। অতঃপর আল্লাহ আমাকে দৃষ্টি ফিরিয়ে দিলেন। (আর এই ছাগলও তাঁরই দান।) অতএব তুমি ছাগলের পাল থেকে যা ইচ্ছা নাও ও যা ইচ্ছা ছেড়ে দাও। আল্লাহর কসম! আজ তুমি আল্লাহ আয্যা অজাল্লার জন্য যা নেবে, সে ব্যাপারে আমি তোমাকে কোন কষ্ট বা বাধা দেব না।’

এ কথা শুনে ফিরিশ্তা বললেন, ’তুমি তোমার মাল তোমার কাছে রাখ। নিঃসন্দেহে তোমাদেরকে পরীক্ষা করা হল (যাতে তুমি কৃতকার্য হলে)। ফলে আল্লাহ তা’আলা তোমার প্রতি সন্তুষ্ট এবং তোমার সঙ্গীদ্বয়ের প্রতি অসন্তুষ্ট হলেন।’’[1]

প্রিয় ভাই ও বোনেরা, আমাদের গোপন, প্রকাশ্য সকল কাজকর্ম, মনের ভাল ও খারাপ চিন্তা কোন কিছুই আল্লাহর কাছে গোপন নয়। আল্লাহকে ভয় করতে হবে। ঠিক ঠাক মত ফরজ ইবাদত করতে হবে। যত বেশী সম্ভব নফল ইবাদত ও সৎকাজ করতে হবে। ইবাদত করার জন্যও আল্লাহর সাহায্য চাইতে হবে। এবং সব সময় আমাদের ত্রুটি বিচ্যুতি ও পাপ কাজের জন্য আল্লাহর কাছে ক্ষমা চাইতে হবে। আল্লাহ আমাদেরকে দ্বীনের পথে চলার কাজকে সহজ করে দিন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

.....